যুগান্তর

JUL 07 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবি থেকে ছাত্রলীগ নেতা গ্রেফতার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে গতকাল এক ছাত্রলীগ নেতাকে গ্রেফতার করা হয়েছে। ছাত্রলীগের জিয়া হল শাখার সাবেক সাংগঠনিক সম্পাদক ও লাইব্রেরি

ছাত্রলীগ নেতা : পৃষ্ঠা : ১৫ কলাম : ৪

## ছাত্রলীগ নেতা : গ্রেফতার

(১ম পৃষ্ঠার পর)

সায়েন্স বিভাগের ছাত্র রিজভী আহমেদ মাস্টার্স ফাইনাল পরীক্ষা দিতে গতকাল ক্যাম্পাসে আসে। বিকালে পরীক্ষার হল থেকে বের হতেই পুলিশ তাকে গ্রেফতার করে। কী অভিযোগে তাকে গ্রেফতার করা হয়েছে থানার কর্তব্যরত কর্মকর্তা তা জানাতে পারেননি।

জানা গেছে, মাস্টার্সের দ্বিতীয় পরীক্ষায় অংশ নিতে, গতকাল দুপুরে রিজভী ক্যাম্পাসে এলে জিয়া হলের ছাত্রদল নেতা মুরাদ, সনি, শাওন ও টিটুর নেতৃত্বে একদল কর্মী তার ওপর হামলা চালায়। হামলার ঘটনা প্রক্টর নজরুল ইসলামকে মৌখিকভাবে অবহিত করে রিজভী পরীক্ষা দিতে হলে যায়। ইতিমধ্যে ছাত্রদল নেতারা প্রক্টর নজরুল ইসলামকে জানায়, রিজভী ছাত্রলীগ কর্মী ফিরোজ হত্যা মামলার আসামি এবং বিভিন্ন অপকর্মের জন্য বিশ্ববিদ্যালয় ও সংগঠন থেকে একাধিকবার বহিষ্কৃত। তারা রিজভীকে পুলিশের হাতে তুলে দিতে অনুরোধ করে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে আইনি সহায়তা চাইলে পুলিশ এসে কলা ভবনের পঞ্চম তলায় পরীক্ষা হলের বাইরে ওঁৎ পেতে থাকে। রিজভী হল থেকে বের হতেই তাকে গ্রেফতার করা হয়।